

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০২৬.৩২.০১৬.২৩(অংশ)-৪০৪

তারিখঃ ১৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ভোটার তালিকা হালনাগাদ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোটার তালিকা হালনাগাদ-২০২২ এ বাড়ি বাড়ি গিয়ে ভোটার নিবন্ধনের জন্য যাদের তথ্য সংগ্রহ করা হয়েছে এবং পরবর্তীতে অফিসে এসে যারা ভোটার তালিকাভুক্তির জন্য নিবন্ধন সম্পন্ন করেছেন তাদের মধ্যে ০১-০১-২০০৬ বা তার পূর্বে যাদের জন্ম তাদেরকে চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্তির নিমিত্ত ২১ জানুয়ারী-২০২৪ তারিখে খসড়া ভোটার তালিকা প্রকাশের বিষয়ে মাননীয় নির্বাচন কমিশন সদয় সিদ্ধান্ত প্রদান করেছেন। তবে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য প্রণীত চূড়ান্ত ভোটার তালিকায় যাদেরকে অন্তর্ভুক্ত করা হয়েছে তাদের নাম খসড়া ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবে না।

২। মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক অনুমোদিত খসড়া ভোটার তালিকা প্রকাশ, সংশোধনকারী কর্তৃপক্ষের কার্যক্রম এবং চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের সময়সূচী নিম্নরূপ:

ক্রম	বিবরণ	নির্ধারিত সময়সূচী
১	হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন অফিসারের নিকট প্রেরণের শেষ তারিখ	১৫ জানুয়ারি ২০২৪
২	হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ	২১ জানুয়ারি ২০২৪
৩	দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিলের শেষ তারিখ	০৫ ফেব্রুয়ারি ২০২৪
৪	সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনসমূহের নিষ্পত্তির শেষ তারিখ	১১ ফেব্রুয়ারি ২০২৪
৫	দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশনের শেষ তারিখ	১৮ ফেব্রুয়ারি ২০২৪
৬	হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	০২ মার্চ ২০২৪

৩। বর্ণিতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

- ১) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা.....(সকল)
২) সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার.....(সকল)
৩) উপজেলা/থানা নির্বাচন অফিসার.....(সকল)

ও
রেজিস্ট্রেশন অফিসার

নং-১৭.০০.০০০০.০২৬.৩২.০১৬.২৩(অংশ)-৪০৪

তারিখঃ ১৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ।
০৩. সিস্টেম ম্যানেজার (কারিগরি), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ (হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন অফিসারের নিকট প্রেরণের অনুরোধসহ)
০৪. পরিচালক অপারেশন্স, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০৫. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার। (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৬-০৯. একান্ত সচিবগণ, মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ। (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

তারিখঃ ১৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

(মোঃ নাসির উদ্দীন চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব (নিঃসঃ-২)